

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৪০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৩৩]

৩। হয়ে খুন্দাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ১৪. ইসতিহায়াহ* বা রক্তপ্রদর রোগগ্রস্ত মহিলার গোসল ও তার সালাত প্রসঙ্গ।

بَابُ الْمُسْتَحَاضَةِ وَغُسْلِهَا وَصَلَاتِهَا

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، وَأَبُو كُرَيْبٍ قَالَا حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ جَاءَتْ فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشٍ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنِّي امْرَأَةٌ أُسْتَحَاضْ فَلَا أَطْهُرُ أَفَأَدْعُ الصَّلَاةَ فَقَالَ " لَا إِنَّمَا ذَلِكَ عِرْقٌ وَلَيْسَ بِالْحَيْضَةِ فَإِذَا أَقْبَلَتِ الْحَيْضَةُ فَدَعِيَ الصَّلَاةُ وَإِذَا أَدْبَرَتْ فَاغْسِلِي عَنْكِ الدَّمَ وَصَلِّيْ " .

বাংলা

৬৪০-(৬২/৩৩৩) আবু বকর ইবনু আবু শাইবাহ (রহঃ) আয়িশাহ (রাযঃ) বলেন, ফাতিমা বিনতু আবু হুবায়শ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বলল, হে আল্লাহর রাসূল! আমি একজন ইসতিহায়াহ বা রক্তপ্রদর রোগগ্রস্ত নারী। কখনো এ রোগ থেকে মুক্ত হই না। তাই আমি এ সালাত আদায় করা কি ছেড়ে দিব? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেনঃ না, তুমি সালাত আদায় ছাড়বে না। কেননা, এ হায়িয না বরং একটি শিরা-নিঃসৃত রক্ত। তাই যখন হায়িয দেখা দিবে তখন শুধু সালাত আদায় করবে না। আর যখন হায়িয ভাল হয়ে যাবে তখন রক্ত ধূয়ে ফেলে গোসল করে পবিত্র হয়ে সালাত আদায় করবে। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৪৪, ইসলামিক সেন্টারঃ ৬৫৯)

English

Chapter: The ghusl and the prayer of a woman who is suffering prolonged vaginal bleeding (istihadah)

'A'lisha reported: Fatimah b. Abu Hubaish came to the Apostle (ﷺ) and said: I am a woman whose blood keeps flowing (even after the menstruation period). I am never purified; should I, therefore, abandon prayer? He (the Holy Prophet) said: Not at all, for that is only a vein, and is not a menstruation, so when menstruation comes, abandon prayer, and when it

ends wash the blood from yourself and then pray.

ফুটনোট

* ইসতিহায়াহ বলা হয় ঐ রক্তকে যা হায়িয ও নিফাসের নির্দিষ্ট সময় ব্যতীত মহিলাদের লজ্জাস্থান দিয়ে রক্ত বের হয়। এ রক্ত একটি রগ থেকে বের হয়ে থাকে যাকে আদিল বলা হয়। আর হায়িয়ের রক্ত জরায়ুর ভিতর থেকে বের হয়। ইসতিহায়ার রক্ত সাধারণত লাল কিংবা হলদে অথবা মেটে রং হয় এবং হায়িয়ের রক্ত স্বভাবত কালচে রং হয়। সুতরাং রক্তের প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখলে উভয়ের মধ্যে পার্থক্য বুঝা যায়। ইসতিহায়াহ রোগাক্রান্ত মহিলা সুস্থ মহিলার মত সালাত, সওম, ইতিকাফ, কুরআন মাজীদ তিলাওয়াত সহ যাবতীয় ইবাদাত বন্দেগী করতে পারবে। তবে প্রত্যেক ওয়াক্তের সালাতের প্রারম্ভে ওয়ু কর নিবে। আর যখন সালাত আদায় করার নিয়মাত করবে তখন লজ্জাস্থান ধূয়ে ফেলবে এবং উক্তস্থানে এক টুকরো কাপড়, তুলা লাগিয়ে রাখবে। (নাবাবী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=47393>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন